তারিখ 14 JUN 2016
পৃষ্ঠা ২০ কলাম ৬

প্রথম আলো



# বিশিষ্ট শিক্ষাবিদ মনিরুজ্জামান মিঞা আর নেই

নিজস্ব প্রতিবেদক ●

বিশিষ্ট শিক্ষাবিদ ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য এম মনিরুজ্জামান মিঞা (৮১) আর নেই। গতকাল সোমবার দুপুর ১২টার দিকে রাজধানীর স্কয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। অধ্যাপক মনিরুজ্জামান মিঞা দীর্ঘদিন ধরে

এরপর পৃষ্ঠা ১৭ কলাম ২

# মনিরুজ্জামান মিঞা আর নেই

শেষ পৃষ্ঠার পর

স্মৃতিভ্রম রোগে ভুগছিলেন।

মনিরুজ্জামান মিঞার ভাই এম আসাদুজ্জামান *প্রথম আলো*কে বলেন, হাসপাতালের হিমঘর থেকে আজ মঙ্গলবার সকালে মনিরুজ্জামান মিঞার মরদেহ বনানীর বাসায় নেওয়া হবে। সেখান থেকে মরদেহ নেওয়া হবে তাঁর কর্মস্থল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগে। বাদ্ জোহর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে তাঁর প্রথম জানাজা হবে। এরপর বাদ আসর গুলশানের আজাদ মসজিদে দ্বিতীয় জানাজার পর মনিরুজ্জামান মিঞার মরদেহ বনানীতে তাঁর বাবার কবরে সমাহিত করা হবে।

বিএনপিপন্থী বুদ্ধিজীবী হিসেবে পরিচিত মনিরুজ্জামান মিঞা দীর্ঘদিন ধরে লোকচক্ষুর অন্তরালে ছিলেন। পরিবারের সদস্যরা জানান, তিনি স্মৃতিভ্রম (আলঝেইমার) রোগে ভুগছিলেন। এ কারণে তাঁকে ঘরের বাইরে যেতে দেওয়া হতো না। ব্যক্তিজীবনে তিনি চিরকুমার ছিলেন।

মনিরুজ্জামান মিঞা ১৯৩৫ সালে ভারতের মুর্শিদাবাদে জন্মগ্রহণ করেন। পরে তাঁর পরিবার চাঁপাইনবাবগঞ্জ জেলায় স্থায়ী হয়। তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয়ে মাস্টার্স শেষ করে পুরান ঢাকার তৎকালীন জগন্নাথ কলেজে শিক্ষকতা জীবন শুরু করেন। ১৯৬১ সালে তিনি ফ্রান্সে গিয়ে উচ্চতর ডিগ্রি নেন। পাঁচ বছর পর দেশে ফিরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগে যোগ দেন। ১৯৯০ সালের মার্চে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হন। ১৯৯১ সালে বিএনপি সরকার ক্ষমতায় আসার পর ১৯৯২ সালের ৩১ অক্টোবর পর্যন্ত উপাচার্যের দায়িত্ব পালন করেন। পরে বিএনপি সরকারের সময় তাঁকে সেনেগালের রাষ্ট্রদূত করা হয়। ২০০১ সালে বিএনপির নেতৃত্বাধীন চারদলীয় জোট সরকারের সময় মনিরুজ্জামান মিঞাকে প্রথমে দুর্নীতি দমন কমিশনের কমিশনার, পরে জাতীয় শিক্ষানীতি প্রণয়ন কমিটির চেয়ারম্যান করা হয়, যাকে মনিরুজ্জামান মিঞা শিক্ষা কমিশন বলা হয়।

বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া ও দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর মনিরুজ্জামান মিঞার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে বিবৃতি দিয়েছেন। তাঁরা এই শিক্ষকের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে তাঁর বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন।

শোক বিবৃতিতে খালেদা জিয়া বলেন, জ্ঞানদীপ্ত অধ্যাপক মনিরুজ্জামান মিঞা ছিলেন আদর্শ শিক্ষকের প্রতিচ্ছবি। অগ্রগণ্য এই শিক্ষাবিদ দেশ ও দশের প্রতি ছিলেন সহমর্মী। দেশের এই ক্রান্তিকালে তাঁর চলে যাওয়ায় চরম শূন্যতার সৃষ্টি হলো।

অধ্যাপক এম মনিরুজ্জামান মিঞার প্রতি সম্মান প্রদর্শনের নিদর্শন হিসেবে আজ মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছুটি ঘোষণা করা হয়েছে। তবে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত পরীক্ষাসমূহ যথারীতি অনুষ্ঠিত হবে।

মনিরুজ্জামান মিঞার মৃত্যুতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক এক শোক বাণীতে বলেন, তিনি একজন মেধাবী শিক্ষক ছিলেন, বিশ্ববিদ্যালয়ে তাঁর অবদান স্মরণীয় হয়ে থাকবে।